

আমরা জনগণের পক্ষে

# বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ২ মার্চ, ২০২৪ ১৭:০২

## ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে অর্থনৈতিক গবেষণা সম্মেলন

| অনলাইন ডেস্ক



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগ দুইদিন-ব্যাপী '৩য় ইস্ট ওয়েস্ট ইকোনমিক্স রিসার্চ কনক্লেভ ২০২৪' শিরোনামে গবেষণা সম্মেলনের আয়োজন করেছে। ১ ও ২ মার্চ রাজধানীর আফতাবনগরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। এ ধরনের গবেষণা সম্মেলনের মাধ্যমে তরুণ গবেষকদের অর্থনীতিবিদ ও বিশেষজ্ঞদের কাছ থেকে গবেষণা শেখা, উপস্থাপন করা, এবং প্রতিক্রিয়া পাবার সুযোগ করে দেয়া হয়।

সম্মেলনের উদ্বোধনী অধিবেশনের বিষয় ছিল 'টেকসই এবং সরবরাহ ব্যবস্থাপনা'। মূল প্রবন্ধ উপস্থাপন করেন জার্মানির কুহেনে লজিস্টিক ইউনিভার্সিটির অধ্যাপক ডক্টর অ্যালান সি. ম্যাককিনন। তিনি জলবায়ু সংকট মোকাবেলায় সরবরাহ ব্যবস্থাপনার ভূমিকা কি হতে পারে সে বিষয়ে বিশদ আলোচনা করেন।

আলোচনায় ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রধান উপদেষ্টা এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর, অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন বলেন, জলবায়ু পরিবর্তন মোকাবেলায় করা বৈশ্বিক চুক্তি সবাইকে মেনে চলতে হবে। আমাদের প্রাকৃতিক সম্পদ যেন শুধুমাত্র বর্তমান প্রজন্মের সমৃদ্ধির ব্যবহৃত না হয়, এখান থেকে ভবিষ্যত প্রজন্মের সন্তানরা সুফল ভোগ করতে পারে সেই লক্ষ্য রেখে কাজ করে যেতে হবে। অনুষ্ঠানে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য

অধ্যাপক শামস রহমান বলেন, জলবায়ু সংকটের কারণে সৃষ্ট চ্যালেঞ্জ মোকাবেলায় উদ্ভাবনী ক্ষমতা কাজে লাগানোর প্রতি গুরুত্বদেন।

আলোচনায় স্বাগত বক্তব্য দেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের চেয়ারপারসন ড. মুনতাসির চৌধুরী। দুই দিনের সম্মেলনের প্রায় ২০০ অংশগ্রহণকারী এবং ১৫টি গবেষণা প্রবন্ধ উপস্থাপন করা হয়। অনুষ্ঠানে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্যগণ, উপ-উপাচার্য, কোষাধ্যক্ষ, ডিন, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষার্থীরা অংশ নেন।

বিডি প্রতিদিন/হিমেল